# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।*

**১.▶** রিমন নবম শ্রেণিতে অধ্যয়ন করে। সে ভবিষ্যতে রাষ্ট্রবিজ্ঞানী হতে চায়। রিমনের বাবা একজন রাজনীতিবিদ। রিমনের বাবা তার আগ্রহের বিষয়টি বিবেচনায় রেখেই তাকে মানবিক বিভাগে ভর্তি করিয়েছেন। কারণ তিনি জানেন, মানবিক বিভাগের একজন শিক্ষার্থী পৌরিনীতি পাঠের মাধ্যমে রাষ্ট্রবিজ্ঞানী হওয়ার প্রাথমিক ধাপ অতিক্রম করে।

ক. 'Civics' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? ১

খ. পৌরনীতিকে নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি পাঠ্যবিষয় হিসেবে গ্রহণের ফলে রিমন কোন ধরনের সুফল লাভ করতে পারে? ৩

ঘ. রিমন যে বিষয় পাঠের মাধ্যমে রাষ্ট্রবিজ্ঞানী হওয়ার প্রাথমিক ধাপ অতিক্রম করবে সে বিষয়ের বিষয়বস্তু আলোচনা কর। ৪

**২.▶** সিয়াম উচ্চশিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে গমন করেন। শিক্ষা শেষ করে তিনি সেই দেশের এক নাগরিককে বিয়ে করেন। তিনি যুক্তরাষ্ট্রে ব্যবসা শুরু করেন এবং নিয়মিত ও সময়মতো কর প্রদান করেন।

ক. নাগরিকতা অর্জনের কয়টি পদ্ধতি রয়েছে? ১

খ. দ্বৈত নাগরিকতা বলতে কী বোঝায়? ২

গ. সিয়াম কোন সূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিকতা অর্জন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সিয়ামের সময়মতো কর প্রদান সুনাগরিকের একটি বিশেষ গুণকে নির্দেশ করে— উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৩.▶** তানজিনা পৌরনীতি বিষয়ক একটি বইয়ে পড়ল যে, সমাজে সবার সমান মর্যাদা। জাতি , ধর্ম, বর্ণ ইত্যাদি নির্বিশেষে যোগ্যতা অনুযায়ী সবাই সমান সুযোগ-সুবিধা লাভ করে। মানুষের বিভিন্নমূখী বিকাশ সাধনের জন্য প্রত্যেকের বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধার প্রয়োজন হয়। এ সুযোগ-সুবিধার মধ্যে মতামত প্রকাশ, ভোট দেওয়া, বৈধ পেশা, ন্যায্য মজুরি পাওয়া অন্যতম ।

https://teachingbd24.com

ক. সাম্যের অর্থ কী? ১
খ. আইন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি পাঠ্যবইয়ের কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বিষয়বস্তু ও স্বাধীনতা পরস্পর পরিপূরক-যাচাই কর। ৪

**৪.▶** জসিম স্যার ক্লাসে জার্মানির হিটলার, ইতালির মুসোলিনির শাসনব্যস্থাকে গণতন্ত্রের সম্পূর্ণ বিপরীত শাসনব্যবস্থা হিসেবে উল্লেখ করেন। তিনি আরও বলেন, গণতন্ত্রে রাজনৈতিক দল অপরিহার্য হলেও উক্ত শাসনব্যবস্থায় মাত্র একজনের হাতে সব ক্ষমতা কেন্দ্রীভূত থাকায় রাজনৈতিক দল প্রায় অস্তিত্বহীন হয়ে পড়ে।

ক. আইনের প্রধান উৎস কী? ১
খ. 'আইন স্বাধীনতার সংরক্ষক'-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জসিম স্যার কোন শাসনব্যবস্থাকে গণতন্ত্রের সম্পূর্ণ বিপরীত শাসনব্যবস্থা হিসেবে ইঙ্গিত করেছেন? এর স্বরূপ বর্ণনা কর। ৩
ঘ. 'গনতন্ত্রে রাজনৈতিক দল অপরিহার্য'- জসিম স্যারের এই বক্তব্যের সপক্ষে তোমার মতামত দাও। ৪

**৫.▶** রিমির পরিবার একটি যৌথ পরিবার। এ পরিবারের প্রধান হলেন রিমির দাদা মোহাম্মদ আলী। তাকে সবাই সম্মান করেন। কিন্তু তাদের পরিবারের সকল কার্যাবলি পরিচালনা করেন তার বাবা জয়নাল আলী। তার আদেশেই পরিবারের সদস্যরা তাদের কার্যাবলি সম্পাদন করেন।

ক. বাংলাদেশের সরকার প্রধান কে? ১
খ. প্রধানমন্ত্রীকে মন্ত্রিসভার স্তম্ভ বলা হয় কেন? ২
গ. রিমির দাদা বাংলাদেশ সরকারব্যবস্থার কার প্রতিনিধিত্ব করছে? তার স্বরূপ তুলে ধর। ৩
ঘ. রিমিদের পরিবারটি বাংলাদেশের শাসন বিভাগের প্রতিচ্ছবি। বিশ্লেষণ কর। ৪

**৬.▶** 'ক' ও 'খ' দু'জন দুইদেশের নাগরিক। 'ক' নাগরিকের দেশের সংবিধান সুষ্পষ্ট, স্থিতিশীল এবং জনগণের মৌলিক অধিকার সন্নিবেশিত আছে। অপরদিকে 'খ' নাগরিকের দেশের সংবিধান অস্পষ্ট ও পরিবর্তনশীল।

https://teachingbd24.com

ক. বাংলাদেশের সংবিধান কখন কার্যকর হয়? ১

খ. সংসদীয় সরকার কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'ক' ও 'খ' নাগরিকদ্বয়ের রাষ্ট্রের সংবিধানের পার্থক্য নির্দেশ কর। ৩

ঘ. উল্লিখিত সংবিধান দুটির কোনটিকে তুমি উত্তম বলে মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৭.▶** রহিম সাহেব 'ক' দলের একজন নিবেদিত কর্মী। তিনি এলাকার মানুষের সুখে-দুঃখে এগিয়ে আসেন এবং বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করেন। জাতীয় নির্বাচনে তিনি 'ক' দলের প্রার্থী হন। তিনি নিজ দলের পক্ষে সভা-সমিতি ও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জনমত গড়ে তোলেন। এলাকার জনগণ তাকে সৎ ও যোগ্য প্রার্থী হিসেবে নির্বাচিত করেন। তার দল সরকার গঠন করে।

ক. ঐতিহাসিক ছয় দফা কর্মসূচি উত্থাপন করেন কে? ১

খ. 'এক ব্যক্তি, এক ভোট'- বলতে কী বোঝায়? ২

গ. রহিম সাহেব কোন পদ্ধতিতে নির্বাচিত হয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ক' দল শুধু সরকারই গঠন করে না, আরও বহুবিধ কাজ করে থাকে"- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৮.▶** আকলিমা খাতুন পুষ্পকাঠি এলাকার একজন মহিলা মেম্বার। তিনি একজন সরকারি প্রতিনিধি। তিনি একজন কর্মঠ মেম্বারও। তিনি গ্রামের মানুষদের বিভিন্নভাবে সচেতন করে থাকেন। সরকারের পক্ষ থেকে বিভিন্ন সেবা-সামগ্রী দিয়ে তিনি এলাকার জনগণের সেবাদান করে থাকেন। তিনি স্থানীয় জনস্বার্থে আরও কল্যাণমূলক কাজ করে থাকেন।

ক. বাংলাদেশে মোট কয়টি ইউনিয়ন পরিষদ রয়েছে? ১

খ. পৌরসভার কার্যাবলি ব্যাখ্যা কর। ২

গ. আকলিমা খাতুন কোন ধরনের সরকারের প্রতিনিধি? ব্যাখ্যা কর। ৩

ঘ. আকলিমা খাতুন যে ধরনের সরকারের প্রতিনিধি জনকল্যাণে তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

**৯.▶** রহিম ও রহিমা দুই ভাইবোন। দুজনই পড়ালেখায় খুবই ভাল। দুজনই ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পায়। কিন্তু রহিমার বাবা রহিমাকে ভর্তি না করে বিয়ে দেন। রহিমার স্বামী ছিল খুবই লোভী। তাই যৌতুকের জন্য

Teachingbd24.com

রহিমাকে তার স্বামী নির্যাতন করত। রহিমা তা সহ্য করতে পারেনি। সে আইনের আশ্রয় নেয় এবং তার স্বামীকে পুলিশের কাছে ধরিয়ে দেয়।

ক. খাদ্য নিরাপত্তা কাকে বলে? ১

খ. নিরক্ষরতা বলতে কী বোঝ? ২

গ. রহিমার জীবনে ঘটে যাওয়া ঘটনাগুলো নারী নির্যাতনের অন্তর্ভূক্ত কিনা ব্যাখ্যা কর। ৩

ঘ. রহিমার নেওয়া পদক্ষেপ ছাড়া আর কী কী পদক্ষেপ নারী নির্যাতন প্রতিরোধে আবশ্যক বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

১০.▶ ১৬ ডিসেম্বর বিজয় দিবসের আলোচনায় বক্তৃতাকালে আলোচক শাহীন ইকবাল বলেন, স্বাধীনতা আমাদের অনেক ত্যাগের ফল। মুক্তিযোদ্ধাদের রক্ত বিন্দুর কণায় তৈরী হয়েছে বাংলাদেশে। তারা জাতির শ্রেষ্ঠ সন্তান। তিনি আলোচনায় শেষ বাক্যে বলেন, মুক্তিযোদ্ধারা যে আদর্শ ও চেতনা নিয়ে যুদ্ধে নেমেছিল তার পূর্ণ সমর্থন দিয়েছে আমাদের সংবিধান।

ক. লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন? ১

খ. ভাষা আন্দোলনের তাৎপর্য ব্যাখ্যা কর। ২

গ. আলোচক শাহীন ইকবালের আলোচ্য শেষ বাক্যটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান'— আলোচক শাহীন ইকবালের এ কথার সাথে তুমি কি একমত? মতামত দাও। ৪

১১.▶




ক. কমনওয়েলথ কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. আন্তর্জাতিক আদালতের কাজ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে সংস্থাটির চিত্র প্রকাশ পেয়েছে তার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশ ও উক্ত সংস্থার মধ্যে সম্পর্ক মূল্যায়ন কর। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০   বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. পৌরনীতিকে জ্ঞানের মূল্যবান শাখা বলেছেন—**
ক) ফোস্টার   খ) জন মিল
গ) জন লক   ঘ) ইএম হোয়াইট

**২. সামাজিক মূল্যবোধের লালন পরিবারের কোন ধরনের কাজ?**
ক) শিক্ষামূলক
খ) রাজনৈতিক
গ) মনস্তাত্ত্বিক   ঘ) সাংস্কৃতিক

**৩. নির্বাচনের সাথে গভীরভাবে সম্পৃক্ত বিষয় কোনটি?**
ক) জনমত
খ) সামাজিক সংগঠন
গ) আমলাতান্ত্রিক সংগঠন
ঘ) সাংস্কৃতিক সংগঠন

**৪. প্রাচীন গ্রিসে যারা রাষ্ট্রীয় কাজে অংশগ্রহণ করত তাদের কী বলা হতো?**
ক) রাজা   খ) নাগরিক
গ) জনগণ   ঘ) শাসক

**৫. পৌরনীতির বিষয়বস্তু—**
i. আইন মান্য করা
ii. নাগরিকের আচরণ নিয়ে আলোচনা করা
iii. নারিকের কার্যাবলি আলোচনা করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৬. সমাজের বৃহত্তম স্বার্থে নিজের ক্ষুদ্র স্বার্থ ত্যাগ করার নাম—**
ক) আত্মসংযম   খ) মহত্ত্ব
গ) বিবেক   ঘ) বুদ্ধি

**৭. 'জনমত আইনের অন্যতম উৎস।'— এ কথাটি কে বলেছেন?**
ক) অধ্যাপক লাস্কি
খ) অধ্যাপক ডাইসি
গ) অধ্যাপক হল্যান্ড
ঘ) ওপেনহেম

**৮. সরকারি আইনকে ভাগ করা যায়—**
ক) ৫ ভাগে   খ) ৪ ভাগে
গ) ৩ ভাগে   ঘ) ২ ভাগে

**৯. নিচের কোন দেশে নিয়মতান্ত্রিক রাজতন্ত্র বিদ্যমান?**
ক) ব্রিটেন   খ) সৌদি আরব
গ) কুয়েত   ঘ) ইরান

**১০. ডিকটেটর কাকে বলা হয়?**
ক) রাষ্ট্রপতিকে   খ) একনায়ককে
গ) জনগণকে   ঘ) সরকারকে

**১১. বর্তমান বিশ্বের কোনো রাষ্ট্র সমর্থন করে না—**
ক) গণতন্ত্রকে   খ) একনায়কতন্ত্রকে
গ) সমাজতন্ত্রকে   ঘ) এককেন্দ্রিককে


**১২. কোনটিকে বাংলাদেশের প্রতিচ্ছিবি বলা হয়?**
ক) সংবিধানকে   খ) জনগণকে
গ) স্বাধীনতাকে   ঘ) আইনসভাকে

**১৩. গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা বিদ্যমান—**
ক) কিউবায়   খ) সৌদি আরবে
গ) যুক্তরাষ্ট্রে   ঘ) চীনে

**১৪. রাষ্ট্রপতির ক্ষমতা ও কার্যাবলিকে কয় ভাগে ভাগ করা যায়?**
ক) ৩ ভাগে   খ) ৪ ভাগে
গ) ৫ ভাগে   ঘ) ৭ ভাগে

**১৫. জেলার মূল স্তম্ভ কাকে বলা হয়?**
ক) বিভাগীয় কমিশনার   খ) জেলা প্রশাসককে
গ) সিটি মেয়র   ঘ) পৌর মেয়র

**নিচের ছকটি দেখো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**




**১৬. ছকে উল্লিখিত '?' চিহ্নিত স্থানে কোনটি হবে?**
ক) আপিল বিভাগ   খ) বিচার বিভাগ
গ) জর্জ কোর্ট   ঘ) শাসন বিভাগ

Teachingbd24.com

১৭. '?' চিহ্নিত স্থানে উল্লিখিত বিভাগটি যে বিষয়ের বিরুদ্ধে আপিল গ্রহণ করে শুনানির ব্যবস্থা করতে পারে—

i. হাইকোর্ট বিভাগের রায়
ii. হাইকোর্ট বিভাগের দণ্ডাদেশ
iii. নিম্ন আদালতের রায়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৮. নির্বাচন কমিশনের দায়িত্ব পালনে সহায়তা করা যাদের কর্তব্য—

i. সরকারের
ii. বিদেশি রাষ্ট্রের
iii. অন্যান্য কর্তৃপক্ষের

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ পদাধিকার বলে উপজেলার কোন পদ পেয়ে থাকেন?

(ক) সচিব
(খ) সদস্য
(গ) উপসচিব
(ঘ) ভাইস চেয়ারম্যান

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:

জনাব আমজাদ একজন জনপ্রতিনিধি। তার পরিষদে তিনি ছাড়াও আরও ৯ জন সদস্য রয়েছেন। উন্নয়নের পাশাপাশি তিনি নানা রকম সালিশি কার্যক্রম পরিচালনা করে থাকেন।

২০. জনাব আমজাদ যে পরিষদের জনপ্রতিনিধি—

(ক) জেলা পরিষদ (খ) পৌরসভা
(গ) ইউনিয়ন পরিষদ (ঘ) উপজেলা

২১. আমজাদ সাহেবের পরিষদ যেসব কাজ সম্পন্ন করে তা হলো—

i. রাস্তার পাশে বৃক্ষরোপণ
ii. শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন ও মেরামত
iii. দেওয়ানি ও ছোটখাটো ফৌজদারি মামলার বিচার

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. কত সালে ছয় দফা কর্মসূচি উত্থাপন করা হয়েছিল?

(ক) ১৯৫৮ (খ) ১৯৬৬
(গ) ১৯৬৯ (ঘ) ১৯৬২

২৩. আমরা সবাই কোন সূত্রে বাংলাদেশের নাগরিক?

(ক) জন্মসূত্রে (খ) বৈবাহিক সূত্রে
(গ) অনুমোদন সূত্রে (ঘ) জন্মস্থান নীতি

২৪. আন্তর্জাতিক আদালতের বিচারকদের কার্যকাল কত বছর?

(ক) ৬ বছর (খ) ৭ বছর
(গ) ৮ বছর (ঘ) ৯ বছর

২৫. সাম্য ও স্বাধীনতা পরস্পর—

(ক) বিরোধী (খ) নির্ভরশীল
(গ) সমধর্মী (ঘ) সমগোত্রীয়

২৬. সেনা, বিমান ও নৌবাহিনীর প্রধানদের কে নিয়োগ দেন?

(ক) প্রধানমন্ত্রী (খ) স্বরাষ্ট্রমন্ত্রী
(গ) রাষ্ট্রপতি (ঘ) প্রধান বিচারপতি

২৭. জন লকের মতে প্রকৃতির রাজ্যে মানুষ কেমন ছিল?

(ক) কষ্টে (খ) শান্তিতে
(গ) বিপদে (ঘ) অনিশ্চয়তায়

২৮. আইন যেটির সমষ্টিকে নির্দেশ করে—

i. রীতিনীতি
ii. প্রথার
iii. নিয়মকানুনের

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯. কীভাবে স্থানীয় শাসনব্যবস্থা গঠিত হয়?

(ক) কেন্দ্রীয় নির্দেশে
(খ) আমলাতান্ত্রিক
(গ) সরকারের মাধ্যমে
(ঘ) স্বায়ত্তশাসিতভাবে

৩০. শাসন বিভাগকে কী বলা হয়?

(ক) আইন বিভাগ
(খ) বিচার বিভাগ
(গ) নির্বাহী বিভাগ
(ঘ) সামরিক বিভাগ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | গ |

https://teachingbd24.com